

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৮

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - যে কারণে উযু করা ওয়াজিব হয়

আরবী

বাংলা

৩২৮-[২৯] ইমাম দারিমী (রহঃ) আবূ 'উবায়দ (রাঃ)হতে হাদীসটি বর্ণনা করেছেন, কিন্তু ''তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পানি চাইলেন হতে শেষ পর্যন্ত'' বর্ণনা করেননি।[1]

## ফুটনোট

[1] সহীহ: দারিমী ১/২২, আহমাদ ৩/৪৮৪-৮৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্দিষ্ট করে বাহু বা রানের গোশ্ত (গোশত/গোস্ত/গোসত) চেয়েছেন যার বেশ কয়েকটি কারণ থাকতে পারে। তা হলোঃ

- \* রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাহু বা রানের গোশ্ত (গোশত/গোস্ত/গোসত) পছন্দ করতেন।
- \* তা দ্রুত সিদ্ধ হয়় এবং অধিক সৃস্বাদৃ।

আবূ রাফি'-এর উক্তি (إِنَّمَا لِلشَّاةِ ذِرَاعَانِ) আহমাদ-এর অপর বর্ণনায় রয়েছে (إِنَّمَا لِلشَّاةِ ذِرَاعَانِ) আর তিরমিযী এবং দারিমী-এর বর্ণনায় রয়েছে (وَكَمْ لِلشَّاةِ ذِرَاعً

তবে ইসতিফহাম-এর দ্বারা এখানে অস্বীকার করা উদ্দেশ্য নয় বরং বিষয়টিকে দূরবর্তী মনে করা। রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর উক্তি (اَمَا إِنَّكَ لَوْسَكَتَّ لَنَا وَذَرَاعًا فَذَرِاعًا فَذَرِاعًا فَذَرِاعًا فَذَرِاعًا مَا سَكَتَ لَنَا وَلْتَمْنِيْ مِنْهَا مَا دَعَوْتَ بِهِ) আগং- যদি আমার কথার প্রত্যুত্তর না করে নীরব থাকতে তাহলে আমার চাওয়া অবধি আমাকে তা দিতেই থাকতে কারণ আল্লাহ তা আলা যা ইচ্ছা তাই সৃষ্টি করেন আর



তিনি তাঁর নাবীর মর্যাদা ও মু'জিয়া প্রকাশার্থে তাতে একটির পর একটি বাহুর গোশত বা রান সৃষ্টি করতেন। মূলত তার প্রত্যুত্তরে করায় এর প্রতিবন্ধক হয়েছে।

(এর কারণ হিসেবে) বলা হয়েছে যে, সাহাবী বা তার প্রশ্নোত্তরের প্রতি মনোযোগী হওয়ায় প্রতিপালকের প্রতি মনোযোগের ব্যাঘাত সৃষ্টি হয়েছে।

(এর কারণ হিসেবে আরও) বলা হয়েছে যে, আল্লাহর পক্ষ থেকে রীতির বিপরীতে কোন কিছু প্রকাশ পাওয়ার শর্তই হলো তা সন্দেহমুক্ত হওয়া। আর সুনিশ্চিত ও সত্যায়িত বিষয়ে কোন ত্রুটি থাকবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন